## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং ঃ ৬১/২০১৬**

**অভিযোগকারী ঃ** (১) বিপ্লব কর্মকার
পিতা-সুভাষ কর্মকার
(২) শ্রীধাম কর্মকার
পিতা-সঞ্জু কর্মকার
গ্রাম+পোষ্ট-বিপুলাসার,
থানা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা।

**প্রতিপক্ষ ঃ** জনাব আবদুর রশিদ
সহকারী পরিচালক (ইঞ্জিঃ)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)
লক্ষীপুর সার্কেল, লক্ষীপুর।

## সিদ্ধান্তপত্র

**(তারিখ ঃ ২৯-০৫-২০১৬ ইং)**

অভিযোগকারীদ্বয় ০৬-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে সহকারী পরিচালক (ইঞ্জি) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ), লক্ষীপুর বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

**ক) অনুগ্রহপূর্বক ছক মোতাবেক পূরণ করুন**

| লক্ষীপুর থেকে ঢাকার দুরত্ব ( ভায়া লাকসাম) | প্রতি কিলোমিটারে মিনিবাসের ভাড়া ( সরকার নির্ধারিত) | লক্ষীপুর থেকে ঢাকার মিনিবাস ভাড়া=দুরত্ব ী প্রতি কিমি তে ভাড়া | প্রতি কিলোমিটারে বড় বাসের ভাড়া ( সরকার নির্ধারিত) | লক্ষীপুর থেকে ঢাকার বড়বাসের ভাড়া=দুরত্ব ী প্রতি কিমি তে ভাড়া |
|---|---|---|---|---|
| ------- কি.মি | ------- টাকা | ------- টাকা | ------- টাকা | ------- টাকা |

**খ) লক্ষীপুর থেকে ঢাকা (ভায়া লাকসাম) মোট কতটি তালিকাবূক্ত পরিবহন কোম্পানী/বাস একই নাম নিয়ে চলাচল করে ? (বাসের গায়ে লেখা নাম)**

| পরিবহন কোম্পানীগুলোর নাম | বাসের ধরন ঃ (মিনিবাস/বড়বাস/উভয় ধরনের) | লক্ষীপুর থেকে ঢাকা (ভায়া লাকসাম) আদায়কৃত ভাড়া (প্রযোজ্যক্ষেত্রে মিনিবাস ও বড় বাসে আলাদাভাবে ) |
|---|---|---|
| | | |

**গ) অনুগ্রহপূর্বক ছক মোতাবেক পূরন করুন**

| রামগঞ্জ থেকে ঢাকার দুরত্ব ( ভায়া লাকসাম) | প্রতি কিলোমিটারে মিনিবাসের ভাড়া ( সরকার নির্ধারিত) | লক্ষীপুর থেকে ঢাকার মিনিবাস ভাড়া=দুরত্ব ী প্রতি কিমি তে ভাড়া | প্রতি কিলোমিটারে বড় বাসের ভাড়া ( সরকার নির্ধারিত) | লক্ষীপুর থেকে ঢাকার বড়বাসের ভাড়া=দুরত্ব ী প্রতি কিমি তে ভাড়া |
|---|---|---|---|---|
| ------- কি.মি | ------- টাকা | ------- টাকা | ------- টাকা | ------- টাকা |

**ঘ) রামগঞ্জ থেকে ঢাকা ( ভায়া লাকসাম) মোট কতটি তালিকাভূক্ত পরিবহন কোম্পানী/বাস একই নাম নিয়ে চলাচল করে ? (বাসের গায়ে লেখা নাম)**

| পরিবহন কোম্পানীগুলোর নাম | বাসের ধরন ঃ (মিনিবাস/বড়বাস/উভয় ধরনের) | লক্ষীপুর থেকে ঢাকা (ভায়া লাকসাম) আদায়কৃত ভাড়া (প্রযোজ্যক্ষেত্রে মিনিবাস ও বড় বাসে আলাদাভাবে ) |
|---|---|---|
| | | |

**ঙ) বাসের বাড়তি ভাড়া আদায় প্রতিরোধে বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ),লক্ষীপুরকে যে ক্ষমতা দেয়া হয়েছে তার ফটোকপি। বাড়তি ভাড়া আদায় হচ্ছে কিনা তা দেখার দায়িত্ব আর কোন কোন কর্তৃপক্ষের?**

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১১-০১-২০১৬ তারিখে উপ পরিচালক (ইঞ্জি) ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ), চট্রগাম বিভাগীয় সার্কেল, বালুচরা, হাটহাজারী, চট্রগ্রাম বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২২-০২-২০১৬ তারিখে ই-মেইলে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৪-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। ০৪-০৫-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী হাজির, কিন্তু প্রতিপক্ষ সময়ের আবেদন করে গরহাজির। প্রতিপক্ষ গরহাজির থাকায় ২৯-০৫-২০১৬ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর প্রতি সমন জারী করা হয়। অদ্য ২৯-০৫-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তিনি অভিযোগ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যথাযথ সময়ে চাহিত তথ্য প্রদান করেন নি । পরবর্তীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক চাহিত তথ্য সরবরাহ করা হলেও তা অসম্পূর্ণ প্রতীয়মান হওয়ায় সংক্ষুব্ধ হয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপযুক্ত শাস্তি দাবী করেন। তিনি তথ্য কমিশনের জিজ্ঞাসার জবাবে বলেন যে, (ক) থেকে (ঘ) ক্রমিকে চাহিত তথ্য যথাযথ হলেও (ঙ) ক্রমিকে প্রদত্ত উত্তর যথাযথ নয় ।

৬। প্রতিপক্ষ জনাব আবদুর রশিদ, সহকারী পরিচালক (ইঞ্জিঃ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ), লক্ষীপুর সার্কেল, লক্ষীপুর, তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্য স্মারক নং ৩৫.০৩.০০০০.০০৩৯.৩১.২০.২০১৬-২৫১ তারিখ ২২-০২-২১৬ এর মাধ্যমে বিগত ২৩-০২-২০১৬ তারিখে ইমেইল যোগে প্রদান করা হয়েছে মর্মে তথ্য কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে প্রার্থনা করেন । অভিযোগকারীর প্রার্থীত (ঙ) ক্রমিকের তথ্যের বিষয়ে তথ্য কমিশনের জিজ্ঞাসার জবাবে তিনি জানান যে, সরকার বাসের জন্য ৫১ সিট ও মিনিবাসের জন্য ৩১ সিট হিসেবে ভাড়া নির্ধারণ করেন । বাসের ভাড়তি ভাড়া আদায় প্রতিরোধকল্পে Motor Vehicles (**MV) Ordinance** 1983 এর ১৪০ ধারা প্রয়োগ করা হয় এবং এই কাজের সাথে জেলা প্রশাসক, পুলিশ এবং বিআরটিএ সংশ্লিষ্ট ।

## পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে পূর্ণাঙ্গ তথ্য স্মারক নং ৩৫.০৩.০০০০.০০৩৯.৩১.২০.২০১৬-২৫১ তারিখ ২২-০২-২১৬ এর মাধ্যমে বিগত ২৩-০২-২০১৬ তারিখে ইমেইল যোগে সরবরাহ করেছেন । কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বক্তব্য অনুযায়ী অভিযোগকারীর প্রার্থীত (ঙ) ক্রমিকে উল্লেখিত তথ্য অসম্পূর্ণ প্রতীয়মান হওয়ায় তিনি পূর্ণাঙ্গঁ তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিস্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিস্পত্তি করা হলো ঃ-

১। উপর্যুক্ত পর্যালোচনার পরিপ্রেক্ষিতে তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত পূর্ণাঙ্গঁ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব আবদুর রশিদ, সহকারী পরিচালক (ইঞ্জিঃ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ), লক্ষীপুর সার্কেল, লক্ষীপুর কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্য নির্দেশনা দেওয়া হলো ।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

| | | |
|---|---|---|
| **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** | **স্বাক্ষরিত** |
| **(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)** | **(নেপাল চন্দ্র সরকার)** | **(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)** |
| তথ্য কমিশনার | তথ্য কমিশনার | প্রধান তথ্য কমিশনার |

[বে.স]